

ছাত্র বেতন বৃদ্ধির বিরুদ্ধে প্রাত্যহিক দিবস পালিত

৩০শে জুন সারাদেশে ছাত্র বিক্ষোভ

(নিম্নস্ব বার্তা পরিবেশক)

ছাত্রবেতন বৃদ্ধি ও সংসদে পেশকৃত বাজেটের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ, সংগ্রামী ছাত্র জোট ও জাতীয় ছাত্রলীগ গতকাল মঙ্গলবার দেশব্যাপী প্রতিবাদ দিবস পালন করেছে। সংগঠনগুলো আগামী ৩০শে জুন দেশব্যাপী ছাত্রবিক্ষোভ পালন ও ত্রিদিন চাকায় ছাত্র সমাবেশে পরবর্তী কর্মসূচী ঘোষণা করবে।

কেন্দ্রীয় কর্মসূচী হিসেবে গতকাল ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ, সংগ্রামী ছাত্রজোট ও জাতীয় ছাত্রলীগ পৃথক পৃথক সমাবেশ অনুষ্ঠান ও স্মারকলিপি পেশ করে। সংগ্রামী ছাত্রজোট জাতীয় বাজেটের কপি ও সংশ্লিষ্ট নথিপত্রাদি পুড়িয়েছে বলে জানায়।

ছাত্র সংগ্রাম পরিষদের একাংশের সমাবেশ অনুষ্ঠিত হয় সকালে অপরাহ্নেয় বাংলার পাদদেশে। সুলতান মোহাম্মদ মনসুরের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে মো: তাহেরুল্লাহ, অনিল চন্দ্র মরণ ও জ্যোতির্ময় দত্ত বাস্ব বক্তৃতা করেন। সমাবেশ শেষে মিছিল করে এসে শিক্ষা ভবনের নামনে পুনরায় আরেকটি সমাবেশ অনুষ্ঠিত হয়। এই সমাবেশ শেষে শিক্ষা ভবনে স্মারকলিপি পেশ

করা হয়। ছাত্র সংগ্রাম পরিষদের অপর অংশ সকালে অপরাহ্নেয় বাংলার পাদদেশে সমাবেশ ও সমাবেশ শেষে মিছিল করে শিক্ষা ভবনে যায়। শিক্ষা ভবনে মহাপরিচালক উপস্থিত না থাকায় তাঁরা স্মারকলিপি পেশ করেননি। এক সংবাদ বিজ্ঞপ্তিতে মহাপরিচালকের অনুপস্থিতিতে ক্ষোভ (পেশ পৃ: ৩-এর ক: ত্র:)

৩০শে জুন ছাত্র বিক্ষোভ (১ম পাতার পর)

প্রকাশ করা হয়। বিশ্ববিদ্যালয় বটভায়ায় অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন আবুলকাজ্জামান, মশতাক হোসেন ও মোস্তফা ফারুক।

সংগ্রামী ছাত্র জোট বিশ্ববিদ্যালয় এলাকায় সমাবেশ ও পরে শিক্ষা ভবনে স্মারকলিপি পেশ করে। হাইকোর্ট মোড়ে ছাত্র জোট সংসদে পেশকৃত বাজেট ও বাজেট সংশ্লিষ্ট নথিপত্রাদি পুড়িয়ে ফেলে বলে সংগ্রামী ছাত্র জোট জানায়।

জাতীয় ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় অংগনে জমায়েত ও পরে শিক্ষা ভবনে স্মারকলিপি পেশ করে। জমায়েতে মঞ্জুর ফজল বুলবুল, ইনায়েতুর রহীম ও ওহিদুল্লাহ চান বক্তৃতা করেন।

সমাবেশগুলোতে অবিলম্বে ছাত্রবেতন বৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাহার, বাজেটে শিক্ষা বাতে বরাদ্দ বৃদ্ধি ও কব হাঙ্গের দাবী জানানো হয়। এগুলোতে আগামী ৩০শে জুন দেশব্যাপী বিক্ষোভ ও চাকায় সমাবেশের কর্মসূচী সফল করার আহ্বান জানানো হয়।